সরকারি চাকরি প্রার্থীদের জন্য বিশেষ নোটস

(WBTET • Primary TET • CTET • SLST ও অন্যান্য শিক্ষক নিয়োগ পরীক্ষা)

Child Development and Pedagogy

শিশুবিকাশ ও শিক্ষাবিদ্যা

অধ্যায় ১ — শিশুবিকাশ

১০০টি গুরুত্বপূর্ণ MCQ

১০০ Important MCQs with Answer Key

বিকাশের ধারণা, নীতি ও বৈশিষ্ট্য

Growth, Development ও Maturation

বিকাশ ও শেখার সম্পর্ক

বংশগতি ও পরিবেশ

সামাজিকীকরণ

জীবনকালের পর্যায়

শারীরিক, সামাজিক, আবেগীয়, ভাষাগত ও জ্ঞানীয় বিকাশ

অধ্যায়ভিত্তিক বিন্যাস • উত্তরমালা ও সংক্ষিপ্ত ব্যাখ্যাসহ

Poly Notes Hub

MCQ অনুশীলন

Chapter ১: Child Development — ১০০ MCQs

নির্দেশ: প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি বেছে নিন। উত্তরমালা ও ব্যাখ্যা শেষে দেওয়া আছে।

১. বিকাশের ধারণা, নীতি ও বৈশিষ্ট্য

১. বিকাশ (Development) কখন থেকে শুরু হয়?

(ক) জন্মের পর
(খ) দুই বছর বয়স থেকে
(গ) গর্ভসঞ্চার থেকে
(ঘ) বিদ্যালয়ে ভর্তির পর

২. হার্লকের মতে বিকাশ হল —

(ক) সুশৃঙ্খল ও সুসংগত পরিবর্তনের অগ্রগামী ধারা
(খ) শুধু দৈহিক ওজন বৃদ্ধি
(গ) শুধু বুদ্ধির বৃদ্ধি
(ঘ) শুধু বংশগত পরিবর্তন

৩. মাথা ও ঘাড়ের নিয়ন্ত্রণ আগে, পায়ের নিয়ন্ত্রণ পরে আসে — এটি কোন নীতি?

(ক) Individual Differences
(খ) Proximodistal
(গ) Integration
(ঘ) Cephalocaudal

৪. কাঁধ-বাহুর নিয়ন্ত্রণ আগে, আঙুলের সূক্ষ্ম নিয়ন্ত্রণ পরে — এটি কোন নীতি?

(ক) Cephalocaudal
(খ) Critical Period
(গ) Proximodistal
(ঘ) Continuity

৫. শিশু প্রথমে সারা শরীর নাড়িয়ে বস্তু ধরতে চায়, পরে শুধু হাত ব্যবহার করে — এটি কোন নীতির উদাহরণ?

(ক) ক্রমসঞ্চয়ী নীতি
(খ) সমন্বয়ের নীতি
(গ) সাধারণ থেকে বিশেষের নীতি
(ঘ) পূর্বানুমানযোগ্যতা

৬. বসা → হামাগুড়ি → দাঁড়ানো → হাঁটা — এই ক্রম কোন নীতি সমর্থন করে?

(ক) ব্যক্তিগত পার্থক্যের নীতি
(খ) একীকরণের নীতি
(গ) পরিবেশের নীতি
(ঘ) নির্দিষ্ট ক্রমের নীতি

৭. দুই শিশু ভিন্ন বয়সে হাঁটতে শেখে, দুজনই স্বাভাবিক — কোন নীতি প্রযোজ্য?

(ক) নির্দিষ্ট ক্রমের নীতি
(খ) ব্যক্তিগত পার্থক্যের নীতি
(গ) সংকটকালের নীতি
(ঘ) মস্তক-পাদমুখী নীতি

৮. হাঁসের ছানার ছাপন (Imprinting) পরীক্ষার সঙ্গে যুক্ত তাত্ত্বিক —

(ক) বান্দুরা
(খ) গেসেল
(গ) পাভলভ
(ঘ) কনরাড লরেঞ্জ

৯. চোখ, হাত ও আঙুলের সমন্বয়ে লেখার দক্ষতা গড়ে ওঠা — কোন নীতি?

(ক) ক্রমসঞ্চয়
(খ) একীকরণ (Integration)
(গ) প্রকৃতি বনাম লালন
(ঘ) পূর্বানুমান

Poly Notes Hub

১০. কোনটি বিকাশের বৈশিষ্ট্য নয়?

(ক) আজীবন প্রক্রিয়া
(খ) সব শিশুর ক্ষেত্রে বিকাশের হার হুবহু সমান
(গ) গুণগত ও পরিমাণগত পরিবর্তন
(ঘ) ক্রমোন্নতিমুখী

১১. ক্রো ও ক্রোর মতে বিকাশ —

(ক) শুধু বৃদ্ধি
(খ) শুধু শিক্ষার ফল
(গ) বৃদ্ধির পাশাপাশি পরিবেশের মিথস্ক্রিয়ায় আচরণের পরিবর্তনও
(ঘ) শুধু জিনের ফল

১২. 'Nature vs Nurture' কথাটি জনপ্রিয় করেন —

(ক) এরিকসন
(খ) ফ্রান্সিস গ্যালটন
(গ) ব্রুনার
(ঘ) বাউলবি

২. Growth, Development ও Maturation

১৩. বৃদ্ধি (Growth) মূলত —

(ক) পরিমাণগত
(খ) গুণগত
(গ) নৈতিক
(ঘ) আবেগীয়

১৪. কোনটি বৃদ্ধির উদাহরণ?

(ক) চিন্তার পরিপক্কতা
(খ) ভাষা-দক্ষতার উন্নতি
(গ) সামাজিক দায়িত্ববোধ
(ঘ) উচ্চতা ও ওজন বাড়া

১৫. সবচেয়ে ব্যাপক ধারণা কোনটি?

(ক) বিকাশ
(খ) পরিণমন
(গ) বৃদ্ধি
(ঘ) উচ্চতা

১৬. পরিণমন (Maturation) মূলত নির্ভর করে —

(ক) শুধু পুরস্কারের উপর
(খ) শুধু প্রশিক্ষণের উপর
(গ) বংশগত/জৈবিক প্রস্তুতির উপর
(ঘ) শুধু গণমাধ্যমের উপর

১৭. পরিণমন তত্ত্বের প্রধান প্রবক্তা —

(ক) পিয়াজে
(খ) ব্রুনার
(গ) স্কিনার
(ঘ) গেসেল

১৮. গেসেল ও টমসনের সহযমজ পরীক্ষা কোন কাজ নিয়ে?

(ক) সাইকেল চালানো
(খ) সিঁড়ি বেয়ে ওঠা
(গ) অক্ষর লেখা
(ঘ) গান গাওয়া

১৯. সহযমজ পরীক্ষার সিদ্ধান্ত —

(ক) প্রশিক্ষণ কখনও কাজে লাগে না
(খ) পরিবেশ অপ্রয়োজনীয়
(গ) স্নায়ু-পেশির প্রস্তুতি (Readiness) আগে জরুরি
(ঘ) বংশগতি অপ্রয়োজনীয়

Poly NotesHub

২০. কোনটি পরিণমনের উদাহরণ?

(ক) সাইকেল চালানো শেখা
(খ) গান শেখা
(গ) বয়ঃসন্ধিতে যৌন পরিপক্কতা
(ঘ) নাচ শেখা

২১. 'বৃদ্ধি হলেই বিকাশ হবে' — এ বিষয়ে সঠিক বক্তব্য —

(ক) সবসময় সত্য
(খ) সবসময় সত্য নয়; শুধু মেদ বেড়ে ওজন বাড়া স্বাস্থ্যকর বিকাশ নয়
(গ) বিকাশ ও বৃদ্ধি সমার্থক
(ঘ) বৃদ্ধি আজীবন চলে

২২. বৃদ্ধির সঙ্গে তুলনায় বিকাশ —

(ক) পরিণত বয়সে থেমে যায়
(খ) আজীবন চলে
(গ) শুধু পরিমাপযোগ্য
(ঘ) শুধু শারীরিক

৩. বিকাশ ও শেখার সম্পর্ক

২৩. শিখন (Learning) হল —

(ক) আচরণের সাময়িক পরিবর্তন
(খ) জন্মগত প্রতিবর্ত
(গ) ক্লান্তিজনিত পরিবর্তন
(ঘ) অভিজ্ঞতা ও অনুশীলনে আচরণের অপেক্ষাকৃত স্থায়ী পরিবর্তন

২৪. 'বিকাশ শিখনের পূর্বশর্ত' — মত কার?

(ক) পিয়াজে
(খ) ভাইগটস্কি
(গ) ব্রুনার
(ঘ) গেসেল

২৫. 'শিখন বিকাশকে এগিয়ে নিয়ে যায়' — মত কার?

(ক) ভাইগটস্কি
(খ) ওয়াটসন
(গ) পিয়াজে
(ঘ) ফ্রয়েড

২৬. ZPD-এর সঠিক অর্থ —

(ক) শিশু একা যা পারে
(খ) যা সে কখনই পারবে না
(গ) একা যা পারে ও সাহায্যে যা পারে — এ দুয়ের ব্যবধান
(ঘ) পরীক্ষার ফল

২৭. 'স্ক্যাফোল্ডিং' শব্দটি প্রথম ব্যবহার করেন —

(ক) ফ্রয়েড ও ইউং
(খ) গেসেল ও টমসন
(গ) উড, ব্রুনার ও রস
(ঘ) স্কিনার ও পাভলভ

২৮. চক্রাকার পাঠক্রম (Spiral Curriculum)-এর প্রবক্তা —

(ক) বান্দুরা
(খ) পিয়াজে
(গ) গেসেল
(ঘ) ব্রুনার

২৯. 'প্রস্তুতির সূত্র' (Law of Readiness) কার?

(ক) ওয়াটসন
(খ) স্কিনার
(গ) থর্নডাইক
(ঘ) এরিকসন

Poly Notes Hub

৩০. NEP ২০২০-তে 'ভিত্তি স্তর' (Foundational Stage) বলতে বোঝায় —

(ক) ১১–১৪ বছর (খ) ৮–১১ বছর
(গ) ৩–৮ বছর (ঘ) ১৪–১৮ বছর

৪. বংশগতি ও পরিবেশের প্রভাব

৩১. মানবকোষে ক্রোমোজোমের সংখ্যা —

(ক) ২৩টি (খ) ৪৮টি
(গ) ৪৪টি (ঘ) ৪৬টি

৩২. নারীর লিঙ্গ-ক্রোমোজোম —

(ক) XY (খ) XX
(গ) XO (ঘ) YY

৩৩. সন্তানের লিঙ্গ নির্ধারণ করে —

(ক) মায়ের ডিম্বাণু (খ) পিতার শুক্রাণু
(গ) উভয় সমানভাবে (ঘ) পরিবেশ

৩৪. জিন হল —

(ক) একটি হরমোন (খ) DNA-র অংশ; বংশগতির একক
(গ) একটি খনিজ (ঘ) একটি স্নায়ু

৩৫. ফিনোটাইপ (Phenotype) বলতে বোঝায় —

(ক) জিনগত গঠন (খ) শুধু রক্তের গ্রুপ
(গ) জিন ও পরিবেশের ফলে দৃশ্যমান বৈশিষ্ট্য (ঘ) ক্রোমোজোম সংখ্যা

৩৬. অভিন্ন যমজ (Monozygotic) সম্পর্কে সঠিক —

(ক) একই জাইগোট থেকে জন্ম; জিন প্রায় ১০০% এক (খ) দুটি আলাদা ডিম্বাণু থেকে জন্ম
(গ) সর্বদা ভিন্ন লিঙ্গ (ঘ) জিন ২৫% এক

৩৭. 'প্রত্যাবর্তনের সূত্র' (Law of Regression)-এর প্রবক্তা —

(ক) হার্লক (খ) মেন্ডেল
(গ) ডারউইন (ঘ) গ্যালটন

৩৮. 'ব্যক্তিত্ব = বংশগতি × পরিবেশ' — মত কার?

(ক) জন লক (খ) ওয়াটসন
(গ) উডওয়ার্থ (ঘ) গ্যালটন

৩৯. 'শিশু জন্মকালে অলিখিত শ্লেট (Tabula Rasa)' — বলেন —

(ক) জন লক (খ) পিয়াজে
(গ) ফ্রয়েড (ঘ) বাউলবি

Poly Notes Hub

৪০. 'Range of Reaction' (প্রতিক্রিয়ার সীমা) ধারণাটি কার?

(ক) রটার (খ) মেন্ডেল
(গ) কোহলবার্গ (ঘ) গটেসম্যান

৪১. কমলা ও অমলার ঘটনাটি কোথায় ঘটেছিল (১৯২০)?

(ক) মেদিনীপুর (খ) কলকাতা
(গ) শিলিগুড়ি (ঘ) দার্জিলিং

৪২. 'আভেরনের বন্য বালক ভিক্টর'-এর অধ্যয়ন করেন —

(ক) ডাগডেল (খ) গডার্ড
(গ) ইতার্ড (ঘ) স্কিলস

৪৩. আইওয়া অনাথাশ্রম অধ্যয়ন (স্কিলস ও ডাই)-এর সিদ্ধান্ত —

(ক) স্নেহময় পরিবেশে বুদ্ধ্যঙ্কে উন্নতি সম্ভব (খ) বুদ্ধি সম্পূর্ণ অপরিবর্তনীয়
(গ) পরিবেশের কোনও প্রভাব নেই (ঘ) খাদ্যই একমাত্র নির্ধারক

৪৪. পরিবেশ জিনের 'চালু-বন্ধ' অবস্থাকে প্রভাবিত করতে পারে — এই ধারণা —

(ক) সোশিওমেট্রি (খ) ইমপ্রিন্টিং
(গ) এপিজেনেটিক্স (ঘ) কনডিশনিং

৫. সামাজিকীকরণ: পরিবার, শিক্ষক ও সহপাঠী

৪৫. সামাজিকীকরণের প্রাথমিক (Primary) এজেন্ট —

(ক) গণমাধ্যম (খ) বিদ্যালয়
(গ) পরিবার (ঘ) সহপাঠী

৪৬. সংযুক্তি (Attachment) তত্ত্বের প্রধান প্রবক্তা —

(ক) হারলো (খ) বাউলবি
(গ) বামরিন্ড (ঘ) মোরেনো

৪৭. 'Strange Situation' পরীক্ষা কার?

(ক) মেরি আইন্সওয়ার্থ (খ) পিয়াজে
(গ) বান্দুরা (ঘ) রোজেনথাল

৪৮. হারলোর বানর-পরীক্ষায় শিশু বানর বেশি আঁকড়ে ধরে —

(ক) খাবারসহ তারের মা-কে (খ) কাউকেই নয়
(গ) নরম কাপড়ের মা-কে (ঘ) মানুষকে

৪৯. উষ্ণতা ও স্পষ্ট নিয়ম একসঙ্গে, যুক্তি-সহ শৃঙ্খলা — বামরিন্ডের মতে —

(ক) Neglectful (খ) Authoritarian
(গ) Permissive (ঘ) Authoritative

Poly Notes Hub

৫০. 'Neglectful' অভিভাবকত্বের ধরনটি যুক্ত করেন —

(ক) ম্যাককোবি ও মার্টিন
(খ) বামরিন্ড
(গ) এরিকসন
(ঘ) ব্রনফেনব্রেনার

৫১. লিউইন, লিপিট ও হোয়াইটের গবেষণায় সবচেয়ে কার্যকর শিক্ষক-নেতৃত্ব —

(ক) স্বৈরতান্ত্রিক
(খ) গণতান্ত্রিক
(গ) অবাধ (Laissez-faire)
(ঘ) কোনওটিই নয়

৫২. শিক্ষকের উচ্চ প্রত্যাশায় শিক্ষার্থীর ফল ভালো হওয়ার প্রভাব —

(ক) গোলেম প্রভাব
(খ) পিগম্যালিয়ন প্রভাব
(গ) হ্যালো প্রভাব
(ঘ) প্লাসিবো প্রভাব

৫৩. সোশিওমেট্রি পদ্ধতির প্রবক্তা —

(ক) কুলি
(খ) লিউইন
(গ) মিড
(ঘ) মোরেনো

৫৪. 'দর্পণে-দেখা আত্ম (Looking-glass Self)' ধারণা —

(ক) বান্দুরা
(খ) মিড
(গ) কুলি
(ঘ) ফ্রয়েড

৫৫. বান্দুরার Bobo Doll পরীক্ষা কোন ধরনের শিখন দেখায়?

(ক) চেষ্টা-ভুল শিখন
(খ) অনুকরণ/পর্যবেক্ষণমূলক শিখন
(গ) অন্তর্দৃষ্টি শিখন
(ঘ) ধ্রুপদী অনুবর্তন

৫৬. পরিবার ও বিদ্যালয়ের মতো পরিবেশের পারস্পরিক সম্পর্ক ব্রনফেনব্রেনারের কোন স্তর?

(ক) Microsystem
(খ) Exosystem
(গ) Mesosystem
(ঘ) Macrosystem

৬. জীবনকালের বিভিন্ন পর্যায়

৫৭. স্বাভাবিক গর্ভকাল প্রায় —

(ক) ১৮০ দিন
(খ) ১০০ দিন
(গ) ৩৮০ দিন
(ঘ) ২৮০ দিন

৫৮. জন্মপূর্ব বিকাশের সঠিক ক্রম —

(ক) ভ্রূণ → জাইগোট → পূর্ণাঙ্গ ভ্রূণ
(খ) জাইগোট (Germinal) → ভ্রূণ (Embryonic) → পূর্ণাঙ্গ ভ্রূণ (Fetal)
(গ) পূর্ণাঙ্গ ভ্রূণ → ভ্রূণ → জাইগোট
(ঘ) জাইগোট → পূর্ণাঙ্গ ভ্রূণ → ভ্রূণ

৫৯. অঙ্গ-প্রত্যঙ্গ গঠনের সময় ক্ষতির ঝুঁকি সর্বাধিক কোন পর্যায়ে?

(ক) জাইগোট পর্যায়
(খ) পূর্ণাঙ্গ ভ্রূণ পর্যায়ের শেষে
(গ) ভ্রূণ পর্যায় (২–৮ সপ্তাহ)
(ঘ) জন্মের পর

Poly Notes Hub

৬০. ডাউন সিনড্রোমের কারণ —

(ক) ২১ নম্বর ক্রোমোজোম ৩টি
(খ) X ক্রোমোজোম ১টি
(গ) Y ক্রোমোজোম ২টি
(ঘ) ভিটামিন-ঘাটতি

৬১. অ্যাপগার স্কোরের সর্বোচ্চ মান —

(ক) ৫
(খ) ২০
(গ) ১৫
(ঘ) ১০

৬২. কম জন্ম-ওজন (Low Birth Weight) বলতে বোঝায় —

(ক) ১ কেজির কম
(খ) ৪ কেজির বেশি
(গ) ৩ কেজির কম
(ঘ) ২.৫ কেজির কম

৬৩. এরিকসনের কৈশোরের সংকট —

(ক) Identity vs Role Confusion
(খ) Trust vs Mistrust
(গ) Industry vs Inferiority
(ঘ) Integrity vs Despair

৬৪. ফ্রয়েডের লিঙ্গগত (Phallic) স্তরের বয়স —

(ক) ০–১
(খ) ৩–৬
(গ) ১–৩
(ঘ) ৬–১২

৬৫. রুশোর মতে প্রথম স্তর (শৈশব) —

(ক) ৫–১২ বছর
(খ) ০–৫ বছর
(গ) ১২–১৫ বছর
(ঘ) ১৫–২৫ বছর

৬৬. কৈশোরকে 'ঝড় ও চাপের কাল' বলেন —

(ক) স্ট্যানলি হল
(খ) মার্গারেট মিড
(গ) এরিকসন
(ঘ) হার্লক

৭.১ শারীরিক বিকাশ

৬৭. জন্মকালে শিশুর গড় ওজন প্রায় —

(ক) ১ কেজি
(খ) ২.৫–৩.৫ কেজি
(গ) ৫ কেজি
(ঘ) ৭ কেজি

৬৮. শিশুর ওজন জন্ম-ওজনের দ্বিগুণ হয় প্রায় —

(ক) ২ মাসে
(খ) ৫ মাসে
(গ) ১ বছরে
(ঘ) ২ বছরে

৬৯. দুধদাঁতের মোট সংখ্যা —

(ক) ২৮টি
(খ) ২৪টি
(গ) ৩২টি
(ঘ) ২০টি

Poly Notes Hub

৭০. প্রাপ্তবয়স্ক মানুষের হাড়ের সংখ্যা —

(ক) ১০৬টি
(খ) ৩০৬টি
(গ) ২০৬টি
(ঘ) ২৬০টি

৭১. পেশি-সঞ্চালনের বিকাশ সম্পর্কে সঠিক —

(ক) সূক্ষ্ম পেশির কাজ আগে, স্থূল পরে
(খ) স্থূল পেশির কাজ আগে, সূক্ষ্ম পরে
(গ) দুটি একসঙ্গে
(ঘ) কোনও ক্রম নেই

৭২. হঠাৎ শব্দ বা পতনের অনুভূতিতে নবজাতকের হাত-পা ছড়িয়ে জড়িয়ে ধরার প্রতিবর্ত —

(ক) Moro
(খ) Babinski
(গ) Rooting
(ঘ) Palmar Grasp

৭.২ সামাজিক বিকাশ

৭৩. সামাজিক হাসি (Social Smile) দেখা যায় প্রায় —

(ক) ২ বছরে
(খ) ৬ মাসে
(গ) ১২ মাসে
(ঘ) ২ মাসে

৭৪. অচেনা ভীতি (Stranger Anxiety) শুরু হয় প্রায় —

(ক) ৮ মাসে
(খ) ১ মাসে
(গ) ৩ বছরে
(ঘ) ৫ বছরে

৭৫. পার্টেনের কোন খেলায় শিশুরা পাশাপাশি খেলে কিন্তু মিথস্ক্রিয়া কম?

(ক) একক খেলা
(খ) দর্শক খেলা
(গ) সহযোগিতামূলক খেলা
(ঘ) সমান্তরাল খেলা

৭.৩ আবেগীয় বিকাশ

৭৬. ব্রিজেসের আবেগ-বিভাজনে নবজাতকের আবেগ —

(ক) ভয়
(খ) সাধারণ উত্তেজনা (Excitement)
(গ) ঈর্ষা
(ঘ) গর্ব

৭৭. 'লিটল অ্যালবার্ট' পরীক্ষা কার?

(ক) ওয়াটসন
(খ) স্কিনার
(গ) ফ্রয়েড
(ঘ) পিয়াজে

৭৮. 'প্রথমে শারীরিক পরিবর্তন, পরে আবেগের অনুভূতি' — তত্ত্ব —

(ক) ক্যানন–বার্ড
(খ) জেমস–ল্যাঙ্গে
(গ) শ্যাকটার–সিঙ্গার
(ঘ) মাস্লো

৭৯. 'Emotional Intelligence' (১৯৯৫) গ্রন্থ জনপ্রিয় করেন —

(ক) সালোভে
(খ) মায়ার
(গ) গোলম্যান
(ঘ) থর্নডাইক

Poly Notes Hub

৮০. গোলম্যানের আবেগীয় বুদ্ধির উপাদান নয় —

(ক) শারীরিক উচ্চতা (খ) সহমর্মিতা

(গ) সামাজিক দক্ষতা (ঘ) আত্ম-সচেতনতা

৭.৪ ভাষাগত বিকাশ

৮১. ব্যাবলিং (Babbling) শুরু হয় প্রায় —

(ক) ১ মাসে (খ) ৬ মাসে

(গ) ১৮ মাসে (ঘ) ৩ বছরে

৮২. এক শব্দেই পুরো বাক্যের অর্থ (Holophrase) দেখা যায় প্রায় —

(ক) ১২ মাসে (খ) ৬ মাসে

(গ) ৩ বছরে (ঘ) ৫ বছরে

৮৩. টেলিগ্রাফিক ভাষা বলতে বোঝায় —

(ক) লিখিত ভাষা (খ) বাক্যহীন কান্না

(গ) পূর্ণাঙ্গ জটিল বাক্য (ঘ) দুই-তিন শব্দের সংক্ষিপ্ত বাক্য (প্রায় ১৮–২৪ মাস)

৮৪. ভাষা অর্জন যন্ত্র (LAD) ধারণা —

(ক) স্কিনার (খ) বান্দুরা

(গ) চমস্কি (ঘ) ব্রুনার

৮৫. ভাষা অর্জনের জৈবিক সংকটকাল (বয়ঃসন্ধির আগে) ধারণা —

(ক) পিয়াজে (খ) ভাইগটস্কি

(গ) লেনেবার্গ (ঘ) ওয়াটসন

৮৬. ভাষা সামাজিক মিথস্ক্রিয়া থেকে আসে; ব্যক্তিগত বাক্ পরে অন্তর্বাক্ হয় — মত কার?

(ক) ভাইগটস্কি (খ) চমস্কি

(গ) স্কিনার (ঘ) গেসেল

৮৭. স্কিনারের মতে ভাষা শেখা হয় —

(ক) অনুবর্তন ও পুনর্বলনের মাধ্যমে (খ) জন্মগত ব্যাকরণ থেকে

(গ) শুধু বয়ঃসন্ধিতে (ঘ) শুধু লিখে

৮৮. RTE ২০০৯-এর ২৯(২)(চ) ধারা অনুযায়ী যথাসম্ভব শিক্ষার মাধ্যম হওয়া উচিত —

(ক) মাতৃভাষা (খ) শুধু ইংরেজি

(গ) শুধু হিন্দি (ঘ) শুধু সংস্কৃত

৭.৫ জ্ঞানীয় বিকাশ

৮৯. পিয়াজের সংবেদী-পেশীচালন স্তরের বয়স —

(ক) ৭–১১ বছর (খ) ২–৭ বছর

(গ) ০–২ বছর (ঘ) ১১+ বছর

Poly Notes Hub

৯০. বস্তুস্থায়িত্ব (Object Permanence) অর্জিত হয় —

(ক) সংবেদী-পেশীচালন স্তরে (খ) প্রাক্-সংক্রিয়া স্তরে
(গ) মূর্ত সংক্রিয়া স্তরে (ঘ) বিমূর্ত সংক্রিয়া স্তরে

৯১. অহংকেন্দ্রিকতা ও সর্বপ্রাণবাদ দেখা যায় —

(ক) প্রাক্-সংক্রিয়া স্তরে (খ) সংবেদী-পেশীচালন স্তরে
(গ) মূর্ত সংক্রিয়া স্তরে (ঘ) বিমূর্ত সংক্রিয়া স্তরে

৯২. সংরক্ষণ (Conservation) ধারণা অর্জিত হয় —

(ক) ০–২ বছরে (খ) ২–৭ বছরে
(গ) ১১ বছরের পরে ছাড়া হয় না (ঘ) ৭–১১ বছরে

৯৩. বিমূর্ত ও অনুমানমূলক-যৌক্তিক চিন্তার স্তর —

(ক) সংবেদী-পেশীচালন (খ) প্রাক্-সংক্রিয়া
(গ) মূর্ত সংক্রিয়া (ঘ) বিমূর্ত সংক্রিয়া

৯৪. আত্তীকরণ ও সমঞ্জসীকরণের সমন্বয়কে বলে —

(ক) অভিযোজন (Adaptation) (খ) সংগঠন
(গ) সংরক্ষণ (ঘ) কেন্দ্রীকরণ

৯৫. ভারসাম্যায়ন (Equilibration) অর্থ —

(ক) শুধু বিশ্রাম (খ) শুধু মুখস্থ করা
(গ) শুধু শাস্তি (ঘ) অসামঞ্জস্য থেকে ভারসাম্যে ফেরার প্রক্রিয়া

৯৬. স্কিমা (Schema) হল —

(ক) একটি প্রতিবর্ত (খ) জ্ঞান সংগঠনের মানসিক কাঠামো
(গ) একটি হরমোন (ঘ) পরীক্ষার প্রশ্ন

৯৭. ব্রুনারের উপস্থাপনের সঠিক ক্রম —

(ক) Symbolic → Iconic → Enactive (খ) Enactive → Symbolic → Iconic
(গ) Iconic → Symbolic → Enactive (ঘ) Enactive → Iconic → Symbolic

৯৮. কোহলবার্গের নৈতিক বিকাশ তত্ত্বে স্তরের সংখ্যা —

(ক) ৬টি (খ) ৪টি
(গ) ৫টি (ঘ) ৩টি

৯৯. পিয়াজের সংরক্ষণের ক্রমে সবচেয়ে পরে (প্রায় ১১–১২ বছরে) আসে —

(ক) সংখ্যা (খ) ভর
(গ) ওজন (ঘ) আয়তন

১০০. 'তিন পর্বত পরীক্ষা' কোন বৈশিষ্ট্য দেখায়?

(ক) সংরক্ষণ (খ) অহংকেন্দ্রিকতা
(গ) বস্তুস্থায়িত্ব (ঘ) প্রত্যাবর্তনযোগ্যতা

Poly Notes Hub

উত্তরমালা (Answer Key)

Quick Answer Grid

নং	উত্তর	নং	উত্তর	নং	উত্তর	নং	উত্তর	নং	উত্তর
১	**(গ)**	২১	**(খ)**	৪১	**(ক)**	৬১	**(ঘ)**	৮১	**(খ)**
২	**(ক)**	২২	**(খ)**	৪২	**(গ)**	৬২	**(ঘ)**	৮২	**(ক)**
৩	**(ঘ)**	২৩	**(ঘ)**	৪৩	**(ক)**	৬৩	**(ক)**	৮৩	**(ঘ)**
৪	**(গ)**	২৪	**(ক)**	৪৪	**(গ)**	৬৪	**(খ)**	৮৪	**(গ)**
৫	**(গ)**	২৫	**(ক)**	৪৫	**(গ)**	৬৫	**(খ)**	৮৫	**(গ)**
৬	**(ঘ)**	২৬	**(গ)**	৪৬	**(খ)**	৬৬	**(ক)**	৮৬	**(ক)**
৭	**(খ)**	২৭	**(গ)**	৪৭	**(ক)**	৬৭	**(খ)**	৮৭	**(ক)**
৮	**(ঘ)**	২৮	**(ঘ)**	৪৮	**(গ)**	৬৮	**(খ)**	৮৮	**(ক)**
৯	**(খ)**	২৯	**(গ)**	৪৯	**(ঘ)**	৬৯	**(ঘ)**	৮৯	**(গ)**
১০	**(খ)**	৩০	**(গ)**	৫০	**(ক)**	৭০	**(গ)**	৯০	**(ক)**
১১	**(গ)**	৩১	**(ঘ)**	৫১	**(খ)**	৭১	**(খ)**	৯১	**(ক)**
১২	**(খ)**	৩২	**(খ)**	৫২	**(খ)**	৭২	**(ক)**	৯২	**(ঘ)**
১৩	**(ক)**	৩৩	**(খ)**	৫৩	**(ঘ)**	৭৩	**(ঘ)**	৯৩	**(ঘ)**
১৪	**(ঘ)**	৩৪	**(খ)**	৫৪	**(গ)**	৭৪	**(ক)**	৯৪	**(ক)**
১৫	**(ক)**	৩৫	**(গ)**	৫৫	**(খ)**	৭৫	**(ঘ)**	৯৫	**(ঘ)**
১৬	**(গ)**	৩৬	**(ক)**	৫৬	**(গ)**	৭৬	**(খ)**	৯৬	**(খ)**
১৭	**(ঘ)**	৩৭	**(ঘ)**	৫৭	**(ঘ)**	৭৭	**(ক)**	৯৭	**(ঘ)**
১৮	**(খ)**	৩৮	**(গ)**	৫৮	**(খ)**	৭৮	**(খ)**	৯৮	**(ঘ)**
১৯	**(গ)**	৩৯	**(ক)**	৫৯	**(গ)**	৭৯	**(গ)**	৯৯	**(ঘ)**
২০	**(গ)**	৪০	**(ঘ)**	৬০	**(ক)**	৮০	**(ক)**	১০০	**(খ)**

PolyNotesHub

উত্তর ও ব্যাখ্যা

Answers with Explanation

নং	উত্তর	সঠিক বিকল্প ও সংক্ষিপ্ত ব্যাখ্যা
১	**(গ)**	গর্ভসঞ্চার থেকে — বিকাশ গর্ভসঞ্চার থেকে মৃত্যু পর্যন্ত আজীবন চলে।
২	**(ক)**	সুশৃঙ্খল ও সুসংগত পরিবর্তনের অগ্রগামী ধারা — 'অগ্রগামী' অর্থ পরিণতির দিকে এগিয়ে চলা।
৩	**(ঘ)**	Cephalocaudal — মস্তক-পাদমুখী (Cephalocaudal) নীতি।
৪	**(গ)**	Proximodistal — কেন্দ্র থেকে প্রান্তের দিকে বিকাশ = Proximodistal।
৫	**(গ)**	সাধারণ থেকে বিশেষের নীতি — সাধারণ প্রতিক্রিয়া থেকে ক্রমে নির্দিষ্ট প্রতিক্রিয়া।
৬	**(ঘ)**	নির্দিষ্ট ক্রমের নীতি — বিকাশের ধাপের ক্রম প্রায় সব শিশুর একই।
৭	**(খ)**	ব্যক্তিগত পার্থক্যের নীতি — ক্রম এক হলেও হার ভিন্ন হতে পারে।
৮	**(ঘ)**	কনরাড লরেঞ্জ — সংকট/সংবেদনশীল কালের ধারণার উদাহরণ।
৯	**(খ)**	একীকরণ (Integration) — আলাদা দক্ষতা মিলে জটিল দক্ষতা তৈরি হয়।
১০	**(খ)**	সব শিশুর ক্ষেত্রে বিকাশের হার হুবহু সমান — বিকাশের হারে ব্যক্তিভেদ থাকে।
১১	**(গ)**	বৃদ্ধির পাশাপাশি পরিবেশের মিথস্ক্রিয়ায় আচরণের পরিবর্তনও — বিকাশ বৃদ্ধি ও আচরণ-পরিবর্তন দুই-ই।
১২	**(খ)**	ফ্রান্সিস গ্যালটন — গ্যালটন বংশগতিবাদের প্রবক্তা।
১৩	**(ক)**	পরিমাণগত — বৃদ্ধি দেহের আকার-ওজনের পরিমাণগত পরিবর্তন।
১৪	**(ঘ)**	উচ্চতা ও ওজন বাড়া — উচ্চতা-ওজন মাপা যায় — বৃদ্ধি।
১৫	**(ক)**	বিকাশ — বিকাশ বৃদ্ধি ও পরিণমন দুইকেই অন্তর্ভুক্ত করে।
১৬	**(গ)**	বংশগত/জৈবিক প্রস্তুতির উপর — জিন-নিয়ন্ত্রিত, প্রশিক্ষণ-নিরপেক্ষ।
১৭	**(ঘ)**	গেসেল — আর্নল্ড গেসেল।
১৮	**(খ)**	সিঁড়ি বেয়ে ওঠা — সিঁড়ি-ওঠা প্রশিক্ষণে T ও C যমজ তুলনা।
১৯	**(গ)**	স্নায়ু-পেশির প্রস্তুতি (Readiness) আগে জরুরি — পরে শুরু করেও C অল্প সময়ে দক্ষতা অর্জন করে।
২০	**(গ)**	বয়ঃসন্ধিতে যৌন পরিপক্বতা — জৈবিক নকশা অনুযায়ী ঘটে।
২১	**(খ)**	সবসময় সত্য নয়; শুধু মেদ বেড়ে ওজন বাড়া স্বাস্থ্যকর বিকাশ নয় — বৃদ্ধি বিকাশের অংশ, তার সমান নয়।
২২	**(খ)**	আজীবন চলে — বৃদ্ধি থামলেও অভিজ্ঞতায় বিকাশ চলতে থাকে।
২৩	**(ঘ)**	অভিজ্ঞতা ও অনুশীলনে আচরণের অপেক্ষাকৃত স্থায়ী পরিবর্তন — সাময়িক বা রোগ/ওষুধজনিত পরিবর্তন শিখন নয়।

Polynotes Hub

২৪	**(ক)**	পিয়াজে — Development precedes learning — পিয়াজে।
২৫	**(ক)**	ভাইগটস্কি — সামাজিক সহায়তায় শিশু পরবর্তী স্তরে পৌঁছায়।
২৬	**(গ)**	একা যা পারে ও সাহায্যে যা পারে — এ দুয়ের ব্যবধান — নিকটবর্তী বিকাশের ক্ষেত্র (Zone of Proximal Development)।
২৭	**(গ)**	উড, ব্রুনার ও রস — ধারণাটি ভাইগটস্কির ZPD-র সঙ্গে সম্পর্কিত।
২৮	**(ঘ)**	ব্রুনার — একই ধারণা বিভিন্ন স্তরে গভীরতর রূপে আসে।
২৯	**(গ)**	থর্নডাইক — থর্নডাইকের শিখনের সূত্র।
৩০	**(গ)**	৩–৮ বছর — কাঠামো ৫+৩+৩+৪।
৩১	**(ঘ)**	৪৬টি — ২৩ জোড়া = ৪৬টি।
৩২	**(খ)**	XX — পুরুষের XY।
৩৩	**(খ)**	পিতার শুক্রাণু — শুক্রাণু X বা Y বহন করে।
৩৪	**(খ)**	DNA-র অংশ; বংশগতির একক — জিন বংশগতির ভৌত একক।
৩৫	**(গ)**	জিন ও পরিবেশের ফলে দৃশ্যমান বৈশিষ্ট্য — জিনোটাইপ = জিনগত গঠন।
৩৬	**(ক)**	একই জাইগোট থেকে জন্ম; জিন প্রায় ১০০% এক — ভ্রাতৃসুলভ যমজে জিন গড়ে প্রায় ৫০% এক।
৩৭	**(ঘ)**	গ্যালটন — সন্তান গড় মানের দিকে ফিরে আসে।
৩৮	**(গ)**	উডওয়ার্থ — মিথস্ক্রিয়াবাদী মত — গুণফল, যোগফল নয়।
৩৯	**(ক)**	জন লক — পরিবেশবাদী ধারণা।
৪০	**(ঘ)**	গটেসম্যান — বংশগতি সীমা ঠিক করে, পরিবেশ সেই সীমার মধ্যে অবস্থান ঠিক করে।
৪১	**(ক)**	মেদিনীপুর — রেভা. জে. এ. এল. সিং — পরিবেশ ও সংসর্গের গুরুত্ব।
৪২	**(গ)**	ইতার্ড — দীর্ঘ বিচ্ছিন্নতায় ভাষা-সামাজিক বিকাশ সীমিত।
৪৩	**(ক)**	স্নেহময় পরিবেশে বুদ্ধ্যঙ্কে উন্নতি সম্ভব — পরিবেশের ইতিবাচক পরিবর্তনে বুদ্ধির বিকাশ বাড়ে।
৪৪	**(গ)**	এপিজেনেটিক্স — জিনের ক্রম না বদলেও কার্যকারিতা বদলাতে পারে।
৪৫	**(গ)**	পরিবার — পরিবার শিশুর প্রথম ও সবচেয়ে প্রভাবশালী সামাজিক প্রতিষ্ঠান।
৪৬	**(খ)**	বাউলবি — জন বাউলবি।
৪৭	**(ক)**	মেরি আইন্সওয়ার্থ — নিরাপদ, পরিহারমূলক, দ্বিধাগ্রস্ত — সংযুক্তির ধরন।
৪৮	**(গ)**	নরম কাপড়ের মা-কে — স্পর্শ ও স্নেহ সংযুক্তির মূল ভিত্তি।
৪৯	**(ঘ)**	Authoritative — এই ধরনের ফল সবচেয়ে ইতিবাচক।
৫০	**(ক)**	ম্যাককোবি ও মার্টিন — কম উষ্ণতা ও কম নিয়ন্ত্রণ।
৫১	**(খ)**	গণতান্ত্রিক — অংশগ্রহণমূলক সিদ্ধান্তে সর্বোত্তম ফল।
৫২	**(খ)**	পিগম্যালিয়ন প্রভাব — রোজেনথাল ও জ্যাকবসন (১৯৬৮)।

Poly Notes Hub

৫৩	**(ঘ)**	মোরেনো — সোশিওগ্রামে তারকা, বিচ্ছিন্ন, অবহেলিত শিশুকে চেনা যায়।
৫৪	**(গ)**	কুলি — অন্যেরা আমাকে কী ভাবে — তার ভিত্তিতে আত্মধারণা গড়া।
৫৫	**(খ)**	অনুকরণ/পর্যবেক্ষণমূলক শিখন — শিশু মডেলের আচরণ দেখে শেখে।
৫৬	**(গ)**	Mesosystem — মাইক্রোসিস্টেমগুলির মধ্যে আন্তঃসংযোগ।
৫৭	**(ঘ)**	২৮০ দিন — প্রায় ৪০ সপ্তাহ বা ৯ মাস।
৫৮	**(খ)**	জাইগোট (Germinal) → ভ্রূণ (Embryonic) → পূর্ণাঙ্গ ভ্রূণ (Fetal) — Germinal → Embryonic → Fetal।
৫৯	**(গ)**	ভ্রূণ পর্যায় (২–৮ সপ্তাহ) — এ সময় প্রধান অঙ্গ ও স্নায়ুতন্ত্র গঠিত হয়।
৬০	**(ক)**	২১ নম্বর ক্রোমোজোম ৩টি — ট্রাইসোমি ২১।
৬১	**(ঘ)**	১০ — ৫টি দিক, প্রতিটি ০–২; মোট ১০।
৬২	**(ঘ)**	২.৫ কেজির কম — ২.৫ কেজির কম জন্ম-ওজন ঝুঁকিপূর্ণ।
৬৩	**(ক)**	Identity vs Role Confusion — ১২–১৮ বছর; গুণ — বিশ্বস্ততা (Fidelity)।
৬৪	**(খ)**	৩–৬ — ইডিপাস/ইলেকট্রা জটিলতা এ সময়ে।
৬৫	**(খ)**	০–৫ বছর — রুশোর চার স্তর: ০–৫, ৫–১২, ১২–১৫, ১৫–২৫।
৬৬	**(ক)**	স্ট্যানলি হল — Storm and Stress; মিড একে সর্বজনীন মানেননি।
৬৭	**(খ)**	২.৫–৩.৫ কেজি — দৈর্ঘ্য প্রায় ৫০ সেমি।
৬৮	**(খ)**	৫ মাসে — ১ বছরে প্রায় তিনগুণ।
৬৯	**(ঘ)**	২০টি — স্থায়ী দাঁত ৩২টি।
৭০	**(গ)**	২০৬টি — জন্মকালে প্রায় ৩০০টি, জুড়ে গিয়ে ২০৬।
৭১	**(খ)**	স্থূল পেশির কাজ আগে, সূক্ষ্ম পরে — মস্তক-পাদমুখী ও কেন্দ্র-প্রান্তমুখী নীতির প্রতিফলন।
৭২	**(ক)**	Moro — এটি মোরো প্রতিবর্ত ক্রিয়া।
৭৩	**(ঘ)**	২ মাসে — মুখ ও কণ্ঠস্বরে সাড়ার প্রথম লক্ষণ।
৭৪	**(ক)**	৮ মাসে — বিচ্ছেদ-উদ্বেগ ১০–১৮ মাসে সর্বাধিক।
৭৫	**(ঘ)**	সমান্তরাল খেলা — প্রায় ২–৩ বছর বয়সে।
৭৬	**(খ)**	সাধারণ উত্তেজনা (Excitement) — পরে ৩ মাসে Distress ও Delight।
৭৭	**(ক)**	ওয়াটসন — ভয়ের মতো আবেগ শর্তাধীন অনুবর্তনে শেখা যায়।
৭৮	**(খ)**	জেমস–ল্যাঙ্গে — "কাঁদি বলে ভয় পাই।"
৭৯	**(গ)**	গোলম্যান — ধারণাটি সালোভে ও মায়ারের।
৮০	**(ক)**	শারীরিক উচ্চতা — পাঁচটি: আত্ম-সচেতনতা, আত্ম-নিয়ন্ত্রণ, প্রেরণা, সহমর্মিতা, সামাজিক দক্ষতা।
৮১	**(খ)**	৬ মাসে — কুজনের পরের ধাপ।

Poly Notes Hub

৮২	**(ক)**	১২ মাসে — প্রথম শব্দের সময়।
৮৩	**(ঘ)**	দুই-তিন শব্দের সংক্ষিপ্ত বাক্য (প্রায় ১৮–২৪ মাস) — যেমন "মা যাব"।
৮৪	**(গ)**	চমস্কি — চমস্কির সহজাত তত্ত্ব; Universal Grammar।
৮৫	**(গ)**	লেনেবার্গ — Critical Period Hypothesis।
৮৬	**(ক)**	ভাইগটস্কি — ভাষা চিন্তার হাতিয়ার।
৮৭	**(ক)**	অনুবর্তন ও পুনর্বলনের মাধ্যমে — আচরণবাদী ব্যাখ্যা।
৮৮	**(ক)**	মাতৃভাষা — NEP ২০২০ও অন্তত পঞ্চম শ্রেণি পর্যন্ত মাতৃভাষার সুপারিশ করেছে।
৮৯	**(গ)**	০–২ বছর — প্রথম স্তর।
৯০	**(ক)**	সংবেদী-পেশীচালন স্তরে — প্রায় ৮–১২ মাসে শুরু।
৯১	**(ক)**	প্রাক্-সংক্রিয়া স্তরে — ২–৭ বছর।
৯২	**(ঘ)**	৭–১১ বছরে — মূর্ত সংক্রিয়া স্তরের বৈশিষ্ট্য।
৯৩	**(ঘ)**	বিমূর্ত সংক্রিয়া — ১১/১২ বছরের পর।
৯৪	**(ক)**	অভিযোজন (Adaptation) — পিয়াজের ধারণা।
৯৫	**(ঘ)**	অসামঞ্জস্য থেকে ভারসাম্যে ফেরার প্রক্রিয়া — বিকাশের চালিকাশক্তি।
৯৬	**(খ)**	জ্ঞান সংগঠনের মানসিক কাঠামো — নতুন তথ্য এই ছকে আত্তীকৃত বা সমঞ্জসীকৃত হয়।
৯৭	**(ঘ)**	Enactive → Iconic → Symbolic — ক্রিয়াভিত্তিক → চিত্রভিত্তিক → প্রতীকী।
৯৮	**(ঘ)**	৩টি — ৩ স্তর ও ৬ অবস্থা।
৯৯	**(ঘ)**	আয়তন — সংখ্যা → ভর → ওজন → আয়তন।
১০০	**(খ)**	অহংকেন্দ্রিকতা — শিশু অন্যের দৃষ্টিকোণ বুঝতে পারে না।

সকল পরীক্ষার্থীর জন্য শুভকামনা!

Poly Notes Hub